যুগান্তর

তারিখ 27 FEB 2016
পৃষ্ঠা ৭৩ কলাম ২

# টঙ্গীবাড়ীতে শিক্ষকের বেত্রাঘাতে পাঁচ ছাত্রী আহত

**টঙ্গীবাড়ী (মুন্সীগঞ্জ) প্রতিনিধি**

টঙ্গীবাড়ী উপজেলার রং মেহার উচ্চ বিদ্যালয়ের ধর্ম শিক্ষক আঃ হাইয়ের বেত্রাঘাতে ৬ষ্ঠ শ্রেণীর ৫ ছাত্রী আহত হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এদের মধ্যে আহত স্বর্ণা রানী রায়ের জেঠা নিখিল চন্দ্র রায় জানান, বৃহস্পতিবার ধর্ম ক্লাস চলাকালীন সময়ে মাথায় কাপড় না দেয়ায় আমার ভাতিজিসহ আমাদের হিন্দু সম্প্রদায়ের ৫ মেয়েকে মেরে আহত করে ওই বিদ্যালয়ের ধর্ম শিক্ষক। তিনি আরও জানায়, স্বর্ণা রানী রায় ওই শিক্ষকের প্রহারে এখন জ্বরে আক্রান্ত হয়ে পড়েছে। এ ব্যাপারে শিক্ষক আঃ হাইয়ের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি স্থানীয় এক প্রভাবশালীর নাম উল্লেখ করে বলেন, ওনি বিষয়টি মীমাংসা করে দেয়ার দায়িত্ব নিয়েছেন।

ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক হানিফুল ইসলাম জানান, বিষয়টি আমি শুনেছি শ্রেণী কক্ষে কথা বলায় ওই শিক্ষক ছাত্রীদের সামান্য মারধর করেছেন।